গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০৪১.০২.০০১.২২- ৩৫৬

তারিখঃ ০১ আষাঢ় ১৪২৯ / ১৫ জুন ২০২২

# প্রজ্ঞাপন

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখার লক্ষ্যে, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে উল্লিখিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রযোজককে ২০২১-২২ অর্থবছরে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে চলচ্চিত্র শিল্প যথেষ্ট ক্ষতির সম্মুখীন হয়েছে বিধায় এ শিল্পের স্বার্থ বিবেচনায় বিদ্যমান নীতিমালার আওতায় অধিক সংখ্যক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রকে অনুদানের জন্য বিবেচনা করা হয়েছে:

| ক্র: নং | চলচ্চিত্রের নাম ও শাখা | প্রযোজক ও পরিচালকের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ০১. | জয় বাংলার ধ্বনি<br>(মুক্তিযুদ্ধভিত্তিক) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব মোহাম্মদ খোরশেদুল আলম খন্দকার (খ. ম. খুরশীদ) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ০২. | একাত্তর-করতলে ছিন্নমাথা<br>(মুক্তিযুদ্ধভিত্তিক) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব রফিকুল আনোয়ার (রাসেল) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ০৩. | যুদ্ধজীবন<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>মিস্ রিফাত মোস্তফা | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) টাকা |
| ০৪. | যাপিত জীবন<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব হাবিবুল ইসলাম হাবিব | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ০৫. | বনলতা সেন<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব মাসুদ হাসান উজ্জ্বল | ৭০,০০,০০০/-<br>(সত্তর লক্ষ) টাকা |
| ০৬. | অত:পর রোকেয়া<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>মিস্ শামীম আখতার | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ০৭. | ১৯৬৯<br>(সাধারণ শাখা) | প্রযোজক: মিস্ মাহজাবিন রেজা চৌধুরী<br>পরিচালক: জনাব অমিতাভ রেজা চৌধুরী | ৭৫,০০,০০০/-<br>(পঁচাত্তর লক্ষ) টাকা |
| ০৮. | বঙ্গবন্ধুর রেণু<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>মিস্ মারুফা আক্তার পপি | ৭০,০০,০০০/-<br>(সত্তর লক্ষ) টাকা |
| ০৯. | ডোডো'র গল্প<br>(Story of Dodo)<br>(সাধারণশাখা) | প্রযোজক: জনাব নাজমুল হক ভূঁইয়া<br>পরিচালক: জনাব রেজা ঘটক | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ১০. | বকুল কথা<br>(সাধারণ শাখা) | প্রযোজক: জনাব সঞ্জিত কুমার সরকার<br>পরিচালক: জনাব মাসুদ মহিউদ্দীন ও<br>জনাব মাহমুদ হাসান শিকদার | ৭০,০০,০০০/-<br>(সত্তর লক্ষ) টাকা |
| ১১. | আর্জি<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব কামাল মোহাম্মদ কিবরিয়া | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |

চলমান পাতা

| | | | |
|---|---|---|---|
| ১২. | এইতো জীবন<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>সৈয়দ আলী হায়দার রিজভী | ৭০,০০,০০০/-<br>(সত্তর লক্ষ) টাকা |
| ১৩. | আহারেজীবন<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>সৈয়দ উদ্দিন আহমেদ ওরফে ছটকু আহমেদ | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ১৪. | অন্তরখোলা<br>(সাধারণ শাখা) | প্রযোজক: মিস্ সারা যাকের<br>পরিচালক: জনাব রতন কুমার পাল | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ১৫. | ভাষার জন্য মমতাজ<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব সারোয়ার তমিজউদ্দিন | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |
| ১৬. | লাল শাড়ি<br>(সাধারণ শাখা) | প্রযোজক: মিস্ অপু বিশ্বাস<br>পরিচালক: জনাব বন্ধন বিশ্বাস | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) টাকা |
| ১৭. | বিচারালয়<br>(সাধারণ শাখা) | প্রযোজক ও পরিচালক:<br>জনাব শরাফ আহমেদ জীবন | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) টাকা |
| ১৮. | মায়া<br>(সাধারণ শাখা) | প্রযোজক: জনাব শাকিব খান রানা<br>পরিচালক: জনাব হিমেল আশরাফ | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) টাকা |
| ১৯. | মুক্তির ছোট গল্প<br>(সাধারণ শাখা) | প্রযোজক: জনাব মো: দৌলত হোসাইন<br>পরিচালক: সৈয়দ মাসউদ যাকারিয়া চৌধুরী ও<br>জনাব আব্দুস সামাদ খোকন | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) টাকা |

অনুদানের শর্তাবলি:

০১. চলচ্চিত্রগুলো নির্মাণের বিষয়ে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি ও অনুদান উপ-কমিটি কোনো পরামর্শ প্রদান করলে তা যথাযথ অনুসরণ করতে হবে;

০২. সরকারের পূর্বানুমতি ব্যতীত অনুদান প্রাপ্ত চলচ্চিত্রের নাম/শিল্পী/কলাকুশলী/গল্প/চিত্রনাট্য/ পরিচালক পরিবর্তন করা যাবে না; পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক প্রজ্ঞাপনে উল্লিখিত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত হারে অনুদান পাবেন;

০৩. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র অনুদানের প্রথম চেক প্রাপ্তির ০৯ (নয়) মাসের মধ্যে নির্মাণ কাজ শেষ করতে হবে। সুপারিশকৃত চলচ্চিত্রগুলোর স্ক্রিপ্ট/শিল্পী/কলাকুশলী পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন করার প্রয়োজন হলে সংশ্লিষ্ট প্রযোজকগণ গঠিত পরামর্শক কমিটির সুপারিশ গ্রহণপূর্বক এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করবেন এবং কমিটির পরামর্শ মোতাবেক চলচ্চিত্রের নির্মাণ কাজ সম্পন্ন করবেন;

০৪. অনুদানে নির্মিত প্রতিটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) নূন্যতম ২(দুই) ঘন্টা হবে। তবে বিশেষ প্রয়োজনে অনুদান কমিটি সঙ্গত মনে করলে এ স্থিতিকাল হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

০৫. অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের শতকরা ৩০ ভাগ অর্থ (১ম কিস্তি) প্রদান করা হবে। অনধিক ৩ (তিন) মাসের মধ্যে চলচ্চিত্রের কমপক্ষে শতকরা ৩০ ভাগ চিত্রায়নের পর প্রযোজকের আবেদনের পরিপ্রেক্ষিতে অনুদান উপ-কমিটির নিকট চিত্রায়িত অংশ সন্তোষজনক বিবেচিত হলে ৩৫ মি:মি: ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে অনুদানের দ্বিতীয় কিস্তিতে আরো অনূর্ধ্ব শতকরা ৫০ ভাগ অর্থ এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে অনূর্ধ্ব শতকরা ৩০ ভাগ অর্থ প্রদান করা হবে;

০৬. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে ৩৫ মি: মি: ফরমেটে নির্মিত চলচ্চিত্রের জন্য অবশিষ্ট শতকরা ১০ ভাগ এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রের জন্য শতকরা ৩০ ভাগ অর্থ প্রদান করা হবে। অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ শেষে দেশের কমপক্ষে ২০টি সিনেমা হলে মুক্তি দিতে হবে এবং সিনেমা হলে মুক্তি সংক্রান্ত প্রমাণক দাখিলের পর উভয়ক্ষেত্রে অনুদানের অবশিষ্ট ১০% অর্থ প্রযোজককে প্রদান করা হবে। সংশ্লিষ্ট চলচ্চিত্র সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে হার্ডডিস্ক/ডিভিডি ফরম্যাটে একটি কপি অবশ্যই জমা দিতে হবে;

০৭. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশি শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয়, তাহলে মন্ত্রণালয়ের অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবেন;

চলমান পাতা

০৮. অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহিত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ ফেরৎ দিতে বাধ্য থাকবে। অবৈধ পন্থা অবলম্বন বা অনুদানের শর্ত লংঘনের ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট নির্মাতা/অনুদান গ্রহণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৯. উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তাহলে সরকার বরাদ্দ আদেশ বাতিল করতে পারবে। এছাড়া চলচ্চিত্রের সাথে জড়িত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করে নিজের অধিকারে নেয়ার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত অনুদানের অংশ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য সরকার প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে অথবা যদি উপযুক্ত কারণ ছাড়া কোনো প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ যথাসময়ে শুরু না করেন তাহলে অনুদানের সম্পূর্ণ অর্থ তিনি সরকারি কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ চালান মারফত ফেরত দিবেন। তিনি অনুদানের অর্থ ফেরত দিতে ব্যর্থ হলে সরকারের প্রচলিত আইন অনুযায়ী অনুদানের অর্থ আদায়যোগ্য হবে;

১০. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

১১. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের চিত্রায়ন, এডিটিং, ডাবিং ইত্যাদি বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এবং এর আওতাধীন প্রতিষ্ঠানে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে বিএফডিসি বিধি মোতাবেক তাঁদের সার্ভিস চার্জের ৫০% পর্যন্ত ছাড় দিতে পারে। তবে স্ক্রিপ্টের আলোকে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের সুবিধা গ্রহণ অসম্ভব হলে সংশ্লিষ্ট প্রযোজক আবেদনের মাধ্যমে সরকারের পূর্বানুমতি গ্রহণকরতঃ অন্যত্র চলচ্চিত্রটির নির্মাণ কাজ করতে পারবেন;

১২. প্রযোজকের মৃত্যু হলে কিংবা প্রযোজকের পক্ষে চলচ্চিত্র নির্মাণ সম্পন্ন করা অসম্ভব হলে সেক্ষেত্রে অনুদান কমিটি সংশ্লিষ্ট চলচ্চিত্রটির নির্মাণ সম্পন্নকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

১৩. অনুদান প্রদানের জন্য সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক চূড়ান্তভাবে নির্বাচিত চলচ্চিত্রের গল্প লেখককে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং চিত্রনাট্যকারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উৎসাহ পুরস্কার প্রদান করা হবে। গল্পলেখক কিংবা চিত্রনাট্যকার একাধিক হলে পুরস্কারের অর্থ সমহারে বিভাজ্য হবে;

১৪. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে আইন মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

১৫. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে শ্যুট (Shoot) করে নির্মাণ করা যাবে। তবে দেশের অধিকাংশ জনগণের দেখার সুবিধার্থে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে সেন্সরের জন্য ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য ফরমেট পরিবর্তন করে ডিভিডি ফরমেটে জমা দিতে হবে। পাশাপাশি বিভিন্ন প্রেক্ষাগৃহে প্রদর্শনের সুবিধার্থে ডিভিডি ফিল্ম ফরমেটে চলচ্চিত্র সরবরাহ করতে হবে;

১৬. কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোনো ধরনের সুবিধা দাবি করতে পারবেন না;

১৭. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশি-বিদেশি চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত করে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করবে;

১৮. প্রতি কিস্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে চলচ্চিত্র নির্মাণ কার্যাদির তারিখ ও স্থান উল্লেখ করে কার্য তফসিল (Work Schedule), সম্ভাব্য ব্যয় প্রাক্কলন এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্বতন কিস্তির সমন্বয় হিসাব জমা প্রদান করতে হবে;

১৯. সরকারি অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে অনুদানপ্রাপ্ত প্রযোজক সরকারি অনুমতি নিয়ে সহযোগী প্রযোজক নিতে পারবে। তবে এ ক্ষেত্রে মূল প্রযোজকের নিকট চলচ্চিত্রের স্বত্ব থাকবে এবং সহযোগী প্রযোজকের নিকট কোনোভাবেই স্বত্ব হস্তান্তর করা যাবে না। আরো শর্ত থাকে যে, মূল প্রযোজকের জন্য যে শর্তাবলি প্রযোজ্য সহযোগী প্রযোজকের জন্য একই শর্তাবলি প্রযোজ্য হবে;

২০. প্রযোজক সরকারি বিধি অনুযায়ী কর/ভ্যাট প্রদান করবেন;

২১. প্রযোজক শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করবেন ও সে মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন;

২২. অনুদান প্রাপ্ত চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রযোজক কর্তৃক ৩য় কিস্তি (শেষ কিস্তি) প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে সেন্সর সনদ গ্রহণ করতে হবে;

২৩. নির্মিত চলচ্চিত্র মুক্তি প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

২৪. নির্মিত চলচ্চিত্র প্রদর্শনের শুরুতেই 'সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র' শব্দগুলো প্রদর্শন করতে হবে;

২৫. সংশ্লিষ্ট প্রযোজক নির্ধারিত সময়ের মধ্যে চলচ্চিত্রটি সিনেমা হলে মুক্তি প্রদানে ব্যর্থ হলে সরকার চলচ্চিত্রটি নিজ হেফাজতে গ্রহণসহ অনুদান হিসেবে প্রদানকৃত সমূদয় অর্থ ব্যাংক হারে সুদসহ প্রচলিত আইন অনুযায়ী আদায় করতে পারবে;

২৬. 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা, ২০২০ (সংশোধিত)' অনুসরণ করতে হবে। তবে চলচ্চিত্রটির নির্মাণ সমাপ্তির পূর্বে এ নীতিমালা সংশোধন করা হলে উক্ত সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে;

২৭. উপর্যুক্ত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে সরকারের সঙ্গে চুক্তিস্বাক্ষর করবেন এবং চলচ্চিত্রটি কোন্ ফরমেটে (ডিজিটাল অথবা ৩৫ মিঃ মিঃ) নির্মিত হবে তা লিখিতভাবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অবহিত করবেন; এবং

২৮. অনুদান প্রদানের পরও সরকার যে কোনো যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫/৬/2022

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ৫৫১০০৪৬৩
E-mail:sas.film@moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০৪১.০২.০০১.২২ – ৩৫৬/১৯(৩৪) তারিখঃ ০১ আষাঢ় ১৪২৯ / ১৫ জুন ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
৩. ড. মতিন রহমান, সহযোগী অধ্যাপক, ফিল্ম এন্ড মিডিয়া বিভাগ, স্টামফোর্ড বিশ্ববিদ্যালয় ও বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা।
৪. কাজী হায়াৎ, ১/৬০১, ইস্টার্ন টাওয়ার, ২০ নিউ ইস্কাটন, রমনা, ঢাকা।
৫. মিস্ রোজিনা, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী, বাড়ি-১৬, রোড-১৯, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।
৬. মিস্ অরুণা বিশ্বাস, বাড়ি নং#৫৫, রোড#৯/এ, ফ্লাট-বি-৫, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা ১২০৯।
৭. জনাব আহমেদ মুজতবা জামাল, সভাপতি, রেইনবো চলচ্চিত্র সংসদ, বিএস ভবন, লেভেল-৩, রুম নং-১০৫, ৭৫, সাইন্স ল্যাবরেটরী রোড, ঢাকা।
৮. গাজী রাকায়েত হোসেন, চলচ্চিত্র নির্মাতা ও অভিনেতা, বাড়ি-৭২৬/২, রোড-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর ঢাকা-১২০৭।
৯. মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. জনাব মোহাম্মদ খোরশেদুল আলম খন্দকার (খ. ম. খুরশীদ), প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'জয় বাংলার ধ্বনি'(মুক্তিযুদ্ধভিত্তিক) বাসা-৮ (৪র্থ তলা), লেন-১১, ব্লক-সি, এভিনিউ-৫, মিরপুর-১১, পল্লবী, ঢাকা-১২১৬।
১৬. জনাব রফিকুল আনোয়ার (রাসেল), প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'একাত্তর-করতলে ছিন্নমাথা' (মুক্তিযুদ্ধভিত্তিক), ৬বি, ৬ষ্ঠ তলা, ১৬/১ পশ্চিম হাজীপাড়া (মিরবাগ নতুন রাস্তা), রামপুরা, ঢাকা-১২১৯।
১৭. মিস্ রিফাত মোস্তফা, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'যুদ্ধজীবন', ১৮, সরজ রেসিডেন্সি, আবেদিন কলোনী লাভ লেইন, চট্টগ্রাম।
১৮. জনাব হাবিবুল ইসলাম হাবিব, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'যাপিত জীবন' ৩৩ নম্বর এনায়েতগঞ্জ লেন, নিউমার্কেট, ঢাকা-১২০৫।

চলমান পাতা

১৯. জনাব মাসুদ হাসান উজ্জ্বল, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'বনলতা সেন', ১৭৪/এ, লেন: ২, ফ্ল্যাট: ১-বি, ডিওএইচএস, বারিধারা ঢাকা-১২০৬।

২০. মিস্ শামীম আখতার, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'অত:পর রোকেয়া', ৩/সি, এপার্টমেন্ট-৫বি, বিল্ডিং-১, কাদের চৌধুরী কমপ্লেক্স পশ্চিম ধানমন্ডি, সাত মসজিদ রোড, ঢাকা-১২০৭।

২১. মিস্ মাহজাবিন রেজা চৌধুরী, প্রযোজক, চলচ্চিত্র: '১৯৬৯', বাড়ী-১১, ফ্ল্যাট-২/বি, রোড-৬, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০।

২২. মিস্ মারুফা আক্তার পপি, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'বঙ্গবন্ধুর রেণু', ২০/বি, উত্তর মাদারটেক, বাসাবো, থানা সবুজবাগ, ঢাকা-১২১৪।

২৩. জনাব নাজমুল হক ভূঁইয়া, প্রযোজক, চলচ্চিত্র: 'ডোডো'র গল্প' (Story of Dodo), ৮২/১-২, ল্যাবরেটরি রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

২৪. জনাব সঞ্জিত কুমার সরকার, প্রযোজক, চলচ্চিত্র: 'বকুল কথা', ইলিউশন, ১১৩/এ, লেক সার্কাস, কলাবাগান, ঢাকা।

২৫. জনাব কামাল মোহাম্মদ কিবরিয়া, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'আর্জি', ১১০/এ, কাজী অফিস লেন, বড় মগবাজার, ঢাকা।

২৬. সৈয়দ আলী হায়দার রিজভী, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'এইতো জীবন', বাসা-১৫, রোড-১১৭, গুলশান, ঢাকা-১২১২।

২৭. সৈয়দ উদ্দিন আহমেদ ওরফে ছটকু আহমেদ, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'আহারে জীবন', ২৭, কে এম দাস লেন, এপার্টমেন্ট-সেল সাহারা, ফ্ল্যাট-৭বি, টিকাটুলি, ঢাকা-১২০৩।

২৮. মিস্ সারা যাকের, প্রযোজক, চলচ্চিত্র: 'অন্তরখোলা', বাড়ী-৯সি, গালফ হাইটস, ১ নম্বর এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১৩।

২৯. জনাব সারোয়ার তমিজউদ্দিন, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'ভাষার জন্য মমতাজ', বাড়ী-৪৮/৩, সড়ক-৯, বাড়ইখালী, রায়েরবাজার ধানমন্ডি, ঢাকা-১২০৫।

৩০. মিস্ অপু বিশ্বাস, প্রযোজক, চলচ্চিত্র: 'লাল শাড়ি', বাসা/হোল্ডিং-ক, ১৭৪/এ, জোয়ার সাহারা, নূরানী মসজিদ, ১ম তলা, ভাটারা, ঢাকা-১২১৯।

৩১. জনাব শরাফ আহমেদ জীবন, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'বিচারালয়', বাড়ী-৬৫৭, উত্তর কাফরুল, ডাকঘর-ঢাকা সেনানিবাস, ১২০৬।

৩২. জনাব শাকিব খান রানা, প্রযোজক, চলচ্চিত্র: 'মায়া', বাড়ী-২৯, ফ্ল্যাট-সি/২, রোড-১০০, গুলশান-২, ঢাকা।

৩৩. জনাব মো: দৌলত হোসাইন, প্রযোজক, চলচ্চিত্র: 'মুক্তির ছোট গল্প', বাড়ী-১৬, রোড-৬, ব্লক-এফ, বনশ্রী প্রজেক্ট, রামপুরা, ঢাকা।

৩৪. অফিস কপি।

২৫/৮/2022

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব